উত্তরা অ্যাপার্টমেন্ট প্রকল্পে অনিয়মের অভিযোগ

প্রকাশিত: ০৯:০৬, ২৭ জুলাই ২০১৯ আপডেট: ০৫:২২, ৩১ আগস্ট ২০২০

মেহেদী হাসান ডালিম || *রাইজিংবিডি.কম*



নিজস্ব প্রতিবেদক : রাজধানীর উত্তরার ১৮ নম্বর সেক্টরে বাস্তবায়নাধীন রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মেগা প্রকল্পে বিভিন্ন অনিয়ম হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

শনিবার জাতীয় প্রেসক্লাবের সামনে মানববন্ধনে রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মালিক কল্যাণ সমিতির নেতারা বলেছেন, বিভিন্ন অনিয়মের কারণে এ মেগা প্রকল্পের কাজ এগোচ্ছে না। প্রকল্পে ব্যাপক নিরাপত্তা ঝুঁকি রয়েছে।

ফ্ল্যাট বরাদ্দপ্রাপ্তরা বলেন, ঢাকা শহরে যাদের মাথা গোঁজার ঠাঁই নেই, তাদের কথা বিবেচনা করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এ আবাসন প্রকল্প গ্রহণ করেন। কিন্তু বাস্তবে বিভিন্ন অনিয়মের কারণে কাজ সেভাবে এগোচ্ছে না এবং প্রকল্পে ব্যাপক নিরাপত্তা ঝুঁকি রয়েছে।

তারা আরো বলেন, বরাদ্দপ্রাপ্তদের সঙ্গে রাজউকের সম্পাদিত চুক্তি অনুযায়ী ২০১৬ সালের ৩১ ডিসেম্বরের মধ্যে ফ্ল্যাট সম্পূর্ণ ব্যবহারের উপযোগী করে বুঝিয়ে দেয়ার কথা। কিন্তু সময়সীমা আড়াই বছর আগে পার হলেও আজ পর্যন্ত বুঝিয়ে দেয়া হয়নি।

বুয়েটের বিশেষজ্ঞদের দিয়ে কাজের মান যাচাইয়ের পর দায়ীদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার দাবি জানিয়েছেন তারা।

মানববন্ধনে উপস্থিত ছিলেন রাজউক উত্তরা অ্যাপার্টমেন্ট মালিক কল্যাণ সমিতির সভাপতি মোহাম্মদ হামিদুর রহমান, যুগ্ম সম্পাদক আবু হেনা মোস্তফা কামালসহ অন্য সদস্যরা।

রাইজিংবিডি/ঢাকা/২৭ জুলাই ২০১৯

Download Risingbd App
Install for faster, offline access

Source: https://www.risingbd.com/law-crime-news/305313